

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
“দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গংগাচড়া
উপজেলায় ডেইরী সমবায় কার্যক্রম সম্প্রসারণ” প্রকল্প।
মেডিকেল পূর্বগেট, গংগাচড়া রোড, রংপুর।

নং- ২০১৭-১৮(প্রকল্প)/১৪৬

তারিখ : ০২/০৪/২০১৮ খ্রি।

নোটিশ

সমবায় অধিদপ্তর, ঢাকা কর্তৃক বাস্তবায়নাধীন “দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গংগাচড়া উপজেলায় ডেইরী সমবায় কার্যক্রম সম্প্রসারণ” শীর্ষক প্রকল্প এর ফ্যাসিলিটের (মাঠ সহকারী) পদে নিয়োগের লিখিত পরীক্ষা (MCQ) সংক্রান্ত তথ্য ও অনুসরণীয় নির্দেশনাবলী নিম্নরূপ:

পরীক্ষার তারিখ ও সময় : ২০ এপ্রিল, ২০১৮ রোজ শুক্রবার, সকাল ১০.০০ টা থেকে ১১.৩০ টা পর্যন্ত।
পরীক্ষার স্থান : সমবায় অধিদপ্তর, এফ-১০, আগারগাঁও সিভিক সেন্টার, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

নির্দেশনাবলী:

- ০১। পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে।
- ০২। পরীক্ষার হলে ঘড়ি/মোবাইল ফোন/ক্যালকুলেটর বা অন্য কোন ইলেকট্রনিক্স ডিভাইস আনা/ব্যবহার করা যাবে না।
- ০৩। পরীক্ষায় কোন প্রকার অসদুপায় অবলম্বন/অসদাচরণ করলে সাথে সাথে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৪। এ প্রবেশপত্রটি লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে। মৌখিক পরীক্ষার জন্য কোন আলাদা প্রবেশপত্র ইস্যু করা হবে না।
- ০৫। আগামী ২০/০৪/২০১৮ খ্রি: তারিখ বিকাল ০৫.০০ টায় লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের ফল ঘোষণা করা হবে। সমবায় অধিদপ্তরের নোটিশ বোর্ড ও www.coop.gov.bd ওয়েবসাইটে ফল প্রকাশ করা হবে। ২১/০৪/২০১৮ খ্রি. তারিখ সকাল ০৯.০০ টা হতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা সমবায় অধিদপ্তরের সম্মেলন কক্ষ ‘পায়রা’ (কক্ষ নং: ৫০৩, ৫ম তলা) তে অনুষ্ঠিত হবে।
- ০৬। মৌখিক পরীক্ষার সময় সকল মূল সার্টিফিকেট ও রেকর্ড পত্র উপস্থাপন করতে হবে এবং সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্রের ০১ (এক) প্রস্থ করে সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ০৭। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৮। পরীক্ষা সংক্রান্ত যে কোন তথ্যের জন্য www.coop.gov.bd ওয়েব সাইটে দেখা যেতে পারে।



(অজয় কুমার সাহা)
প্রকল্প পরিচালক

দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির
লক্ষ্যে গংগাচড়া উপজেলায় ডেইরী সমবায় কার্যক্রম
সম্প্রসারণ প্রকল্প

Jr_rangpur@yahoo.com

বিতরণ:

- ০১। উপ নিবন্ধক (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। নোটিশটি সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।